

**B.A 5<sup>th</sup> Semester (General) 2021 (CBCS)**

**বাংলা (সাধারণ স্নাতক)**

**Course: GE – 1**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

**উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে**

১। যে-কোনও ছয়টি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও।

৬ X ৫ = ৩০

- ক) বাংলা ভাষায় লেখা প্রথম ব্যাকরণ গ্রন্থ কোনটি? এর রচয়িতা কে? গ্রন্থটির গুরুত্ব স্বল্প কথায় লেখো।
- খ) 'লোকরহস্য' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটির বিষয়বৈচিত্র্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) বিদ্যাসাগরের স্বরচিত জীবনচরিত গ্রন্থটির নাম কী? কত সালে তা প্রকাশিত হয়? গ্রন্থটির মূল্য বিচার করো।
- ঘ) প্যারীচাঁদ মিত্রের প্রবন্ধজাতীয় রচনাগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।
- ঙ) পাঠ্যপুস্তকজাতীয় রচনায় অক্ষয়কুমার দত্তের কৃতিত্বের পরিচয় দাও।
- চ) চিন্তাশীল প্রাবন্ধিক হিসেবে রাজনারায়ণ বসুর কৃতিত্ব দেখাও।
- ছ) বাংলা প্রবন্ধসাহিত্যে বিবেকানন্দের বিশিষ্টতার পরিচয় দাও।
- জ) রামমোহনের বিতর্কমূলক প্রবন্ধগুলির আঙ্গিকগত বৈশিষ্ট্যের পরিচয় দাও।

২। যে-কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩ X ১০ = ৩০

- ক) ভূদেব মুখোপাধ্যায়ের সামাজিক বিষয় অবলম্বনে লেখা প্রবন্ধগুলির নাম লেখো এবং এজাতীয় রচনায় তাঁর বিশেষ কৃতিত্বের পরিচয় দাও।
- খ) তুলনামূলক সাহিত্যসমালোচনার প্রবন্ধ রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- গ) উনিশ শতকের বাংলা প্রবন্ধসাহিত্যে একজন অপ্রধান প্রাবন্ধিকের নাম উল্লেখ করে তাঁর রচনাবৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ঘ) বিদ্যাসাগরের সমাজ সংস্কারমূলক প্রবন্ধগুলি অবলম্বনে তাঁর প্রাবন্ধিক প্রতিভার পরিচয় দাও।
- ঙ) উনিশ শতকে বাংলা প্রবন্ধসাহিত্যের উদ্ভবের ধারাবাহিক ইতিহাসটি সংক্ষেপে আলোচনা করো।